

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭২৭

সোনামুড়া, ১৮ নভেম্বর, ২০২৩

৭০তম অখিল ভারত সমবায় সপ্তাহ  
সিপাহীজলা জেলাভিত্তিক আলোচনাচক্র

৭০তম অখিল ভারত সমবায় সপ্তাহ উদযাপন উপলক্ষে আজ নলছড় দশমীঘাট কমিউনিটি হলে সিপাহীজলা জেলাভিত্তিক ‘সরকারি বেসরকারি সমবায় অংশীদারিত্ব শক্তিশালী করণ’ বিষয়ের উপর এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। বিধায়ক কিশোর বর্মণের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনাচক্রে বিশেষ অতিথি হিসেবে সিপাহীজলা জিলা পরিষদের সভাপতিত্বে সুপ্রিয়া দাস দত্ত, সম্মানিত অতিথি হিসেবে বিশিষ্ট সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক, নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জহরলাল ঘোষ এবং ত্রিপুরা সমবায় ইউনিয়নের কার্যনির্বাহী আধিকারিক রানী ত্রিপুরা উপস্থিতি ছিলেন। অতিথিগণ আলোচনাচক্রে অংশগ্রহণ করে সমবায়ের উদ্দেশ্য ও গুরুত্বের কথা তুলে ধরেন। অর্থনৈতিক দিক দিয়ে পরিবারগুলিকে শক্তিশালী করে তুলতে সমবায় দপ্তরের ভূমিকার কথাও উল্লেখ করেন। স্বাগত বক্তব্য রাখেন সমবায় দপ্তরের সিপাহীজলা জেলার উপনিয়ামক শান্তি কুমার দেববর্মা। অনুষ্ঠানে সিপাহীজলা জেলার বিভিন্ন ল্যাম্পস- প্যাক্সের সদস্যরা উপস্থিতি ছিলেন। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি তথা বিধায়ক কিশোর বর্মণ। উদ্বোধনী সঙ্গীত পরিবেশনায় ছিলেন স্থানীয় শিল্পীগণ।

\*\*\*\*\*